ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৩৮

আগরতলা, ১ জানুয়ারি, ২০২৫

**অগ্নিবীর ফেইজ-২**

**১৫-১৮ জানুয়ারি স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে নিয়োগ র‍্যালি**

অগ্নিবীর প্রকল্পে দ্বিতীয় পর্যায়ে (ফেইজ-২) আগামী ১৫-১৮ জানুয়ারি আগরতলায় এক নিয়োগ র‍্যালি অনুষ্ঠিত হবে। অগ্নিবীর প্রকল্পে নিযুক্তি প্রক্রিয়ার অঙ্গ হিসেবে ত্রিপুরা থেকে শর্ট লিস্ট হওয়া প্রার্থীদের জন্য এই রিক্রুটমেন্ট র‍্যালি ১৫-১৮ জানুয়ারি আগরতলার স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। রিক্রুটমেন্ট র‍্যালিতে প্রার্থীদের মধ্যে যারা অনলাইন কমন এন্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের জন্য ১.৬ কিমি দৌড় এবং সাধারণ শারীরিক পরীক্ষা এবং শারীরের মাপ নেওয়া হবে। ভারতীয় সেনা বাহিনীর পক্ষ থেকে ইতিমধ্যে শর্টলিস্টেড চাকুরি প্রার্থীদের ই-মেইল করে তা জানানো হয়েছে এবং শারীরিক যোগ্যতা র‍্যালির জন্য এডমিট কার্ড পাঠানো হয়েছে। ভারতীয় সেনাবাহিনীর শিলচর অফিস থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******